অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/22/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইরি ক্যানালের দুইশততম বার্ষিকী উপলক্ষে বাফেলোতে 2025 সালের বিশ্ব ক্যানেল সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন

নিউ ইয়র্ক স্টেটের কুইন সিটি ইরি ক্যানালের দুইশততম বর্ষ উদযাপন উপলক্ষে বিশ্বব্যাপী জলপথ বিশেষজ্ঞদের আতিথেয়তা প্রদান করেছে

সম্মেলন 200 বছর ধরে ইরি ক্যানালের প্রভাবের গুরুত্বপূর্ণ দিক তুলে ধরেছে, যেখানে এর পরবর্তী শতাব্দীতে পরিচালনার বিষয়ে মনযোগ প্রদান করা হচ্ছে

450 জন অংশগ্রহণকারী বিশ্বের উল্লেখযোগ্য অত্যন্তরীণ জলপথগুলোর (World's Prominent Inland Waterways) সমস্যা, দিকনির্দেশিকা ও ভবিষ্যৎ নিয়ে আলোচনা করেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে ইরি ক্যানালের দুইশততম বার্ষিকী উপলক্ষে বাফেলোতে 2025 সালের বিশ্ব ক্যানেল সম্মেলনের উদ্বোধন হয়েছে। ক্যানেল অনুরাগী, ইতিহাসবিদ ও জলপথ বিষেষজ্ঞসহ বিশ্বব্যাপী দর্শকদের একত্রিত করে, এই দলটি বিশ্বব্যাপী খাল ব্যবস্থার সমৃদ্ধ ইতিহাস ও ভবিষ্যৎ উপযাপন ও আলোচনা করবে, নিউ ইয়র্ক স্টেটের আইকনিক ইরি ক্যানেলের উপর বিশেষ মনযোগ প্রদান করবে।

"ইরি ক্যানাল একটি জলপথের চেয়ে অনেক বেশি কিছু; এটি আন্তরিকত ও অগ্রগতির একটি প্রতীক," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "দুইশত বছর পূর্বে, এটি উদ্ভাবনী শক্তি ও দৃঢ় সিদ্ধান্তের একটি বিস্ময় হয়ে দাঁড়িয়েছিল, যা আমেরিকার অগ্রগতিকে গতি প্রদান করে এবং সুযোগের দ্বার উন্মোচন করে। আজ, যেহেতু আমরা এর দুইশততম বার্ষিকী উদযাপন করছি, তখন 2025 সালের বিশ্ব ক্যানেল সম্মেলন (World Canals Conference) এর জন্য আমার জন্মভূমি বাফেলোতে বিশ্বকে স্বাগত জানাতে পেরে আমি গর্বিত। আমরা একসাথে ইরি ক্যানালের ঐতিহ্যকে আন্তর্জাতিক সংযোগ, বাণিজ্য ও সম্ভাবনার একটি সংতেক হিসেবে পরবর্তী শতাব্দী ও তার ধারাকে এগিয়ে নিয়ে যাব।"

ইরি ক্যানাল, নিউ ইয়র্ক স্টেটের উন্নয়ন ও অর্থনৈতিক অগ্রগতির একটি মূল ভিত্তি, যা বাণিজ্য, পরিবহন, বিনোদন, অর্থনৈতিক উন্নয়ন, টেকসই পরিবেশগত ভারসাম্য ও কমিউনিটির বন্ধনের উপর 200 বছরের সংস্কারমূলক প্রভাবকে উদযাপন করে। বাফেলোতে বিশ্ব ক্যানেল সম্মেলনের

আয়োজন নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসকি জলপথগুলির সংরক্ষণ ও উন্নত করার জন্য প্রতিশ্রুতি ও বৈশ্বিক সহযোগিতা ও যোগাযোগ বৃদ্ধি করে।

2025 সালের বিশ্ব ক্যানেল সম্মেলনটি নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority), নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন (New York State Canal Corporation), ইরি ক্যানাল হারবার ডেভেলপমেন্ট কর্পোরেশন (Erie Canal Harbor Development Corporation, ECHDC) , ইরি ক্যানালওয়ে , ন্যাশনাল হেরিটেজ করিডোর , (Erie Canalway National Heritage Corridor) , এর সহযোগিতায় আয়োজন করা হয়েছে এবং বাফেলো নায়াগ্রা ইনল্যান্ড ওয়াটারওয়েজ ইন্টারন্যাশনাল (Buffalo Niagara in collaboration with Inland Waterways International) ভিজিট করুন। 1825 সালে মূল ইরি ক্যানেলের উদ্বোধনের দুইশততম বার্ষিকী উদযাপনের একটি অংশ হিসেবে, 2025 সালের বিশ্ব ক্যানেল সম্মেলন একটি ঐতিহাসিক ঘটনা হওয়ার প্রতিশ্রুতি প্রদান করে। বিভিন্ন উপস্থাপনা, কর্মশালা ও ভ্রমণের সমন্বয়ে একটি বৈচিত্র্যময় অনুষ্ঠান নিয়ে, অংশগ্রহণকারীদের কাছে বাফেলোর সমৃদ্ধ জলসীমা, বাফেলো থেকে রচেস্টার পর্যন্ত সমৃদ্ধ খাল কমিউনিটিগুলি ও আরও অনেক কিছু অনুসন্ধান করার সুযোগ থাকবে, পাশাপাশি তারা একে অপরের কাছ থেকে ইরি ক্যানেলের ইতিহাস, বর্তমান ও ভবিষ্যৎ, সেইসাথে বিশ্বজুড়ে অভ্যন্তরীণ জলপথের সমস্যা মোকাবেলার চ্যালেঞ্জ ও সুযোগগুলির বিষয়ে একে অপরের কাছ থেকে জানার সুযোগ পাবে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান John Koelmel (জন কোয়েলমেল), বলেন, "বাফেলোতে বিশ্ব ক্যানেল সম্মেলন আয়োজন করা ইরি ক্যানেলের ঐতিহাসিক গুরুত্ব ও আমাদের স্টেটের উপর এর ক্রমাগত প্রভাব তুলে ধরার একটি অসাধারণ সুযোগ। এই অনুষ্ঠানটি সেই সব বিশেষজ্ঞ ও উৎসাহী ব্যক্তিদের ঐক্যবদ্ধ করে যারা জলপথের প্রতি এক ধরনের আবেগ তুলে ধরে, এবং এটি নতুন ধারণা ও সহযোগিতার জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করবে। আমরা ইরি ক্যানেলের প্রদর্শনী করতে পেরে এবং এর দুইশততম বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে এই বৈশ্বিক সমাবেশকে সহায়তা করতে পেরে গর্বিত।"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা Justin E. Driscoll (জাস্টিন ই. ড্রিসকল) বলেন, "1825 সালে উদ্বোধনের পর থেকে ইরি ক্যানেল নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতি ও সংস্কৃতির উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। 2025 সালের বিশ্ব ক্যানেল সম্মেলন অতীতের বিষয়ে চিন্তা করার পাশাপাশি ভবিষ্যতকে কল্পনা করার একটি অনন্য সুযোগ প্রদান করে। আমরা বাফেলোতে আন্তর্জাতিক প্রতিনিধিদের স্বাগত জানাতে এবং বিশ্বব্যাপী ক্যানেল সিস্টেমের সংরক্ষণ ও উন্নয়নকে অগ্রসর করার জন্য গুরুত্বপূর্ণ আলোচনায় অংশগ্রহণ করতে পেরে আনন্দিত।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের পরিচালক Brian U. Stratton (ব্রায়ান ইউ. স্ট্রাটন), বলেন, "ইরি ক্যানেলের দুইশততম বার্ষিকী একটি গুরুত্বপূর্ণ মাইলফলক, এবং বাফেলোতে বিশ্ব ক্যানেল সম্মেলনের আয়োজন করা এর দীর্ঘস্থায়ী ঐতিহ্যের যথাযথ শ্রদ্ধাঞ্জলি তুলে ধরে। এই সম্মেলনটি দক্ষতা বিনিময় করার, সাফল্য উদযাপন করার এবং ক্যানেলগুলোর ভবিষ্যতের পরিকল্পনা করার জন্য একটি সর্বসাধারণের আলোচনার সুযোগ প্রদান করবে।

আমরা অংশগ্রহণকারীদের স্বাগত জানাতে এবং ইরি ক্যানেলের বিস্তৃত ইতিহাস ও উজ্জ্বল ভবিষ্যতের 200 বছরের উদযাপন করতে আগ্রহী।"

ইরি ক্যানাল হারবার ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারপারসন Joan Kesner (জোয়ান কেসনার) বলেন, "নিউ ইয়র্ক স্টেট বিশ্ব ক্যানেল সম্মেলনের আয়োজন করতে পেরে গর্বিত, যা ইরি ক্যানেলের 200তম বার্ষিকী উদযাপন করার জন্য ক্যানালসাইডের সম্মানিত গ্রীষ্মাকালীন কার্যক্রমের একটি চূড়ান্ত পরিপূর্ণতা। যখন আমরা ক্যানালসাইডে বিশ্বজুড়ে অতিথিদের স্বাগত জানাই এবং গভর্নর Hochul (হোকল) এবং ECHDC শুধুমাত্র আমাদের স্টেট ও দেশের ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অংশকেই স্মরণ করছেন না বরং বাফেলো ওয়াটারফ্রন্টের উজ্জ্বল ভবিষ্যতের দিকে তাকিয়ে আছেন।"

ইরি ক্যানালওয়ে ন্যাশনাল হেরিটেজ করিডোরের নির্বাহী পরিচালক Bob Radliff (বব রাডলিফ) বলেন, "আমরা ক্যানেলের ধারের উন্নয়ন, জলপথ প্রকৌশল ও ব্যবস্থাপনা ও ক্যানেল সংক্রান্ত পর্যটন ও সংরক্ষণ করার বিষয়ে সবচেয়ে দূরদর্শী বিশেষজ্ঞদের নিয়ে সর্বত্র ক্যানেলের ভবিষ্যৎ এর বিষয়ে আলোচনা করার জন্য অধীর আগ্রহের সাথে অপেক্ষা করছি। এটি ইরি ক্যানেলের দুইশততম বার্ষিকী ও কুইন সিটি অব বাফেলোর জন্য এই সমাবেশের ক্ষেত্রে এর চেয়ে ভালো সময় বা স্থান আর নেই। আমরা আমাদের স্টেট, জাতীয় ও আন্তর্জাতিক অংশগ্রহণকারীদের সামনে বাফেলো ও এর অঞ্চলের বিষয় তুলে ধরতে পেরে আনন্দিত।"

ভিজিট বাফেলোর প্রেসিডেন্ট ও CEO Patrick Kaler (প্যাট্রিক ক্যালার) বলেন, "এই গুরুত্বপূর্ণ মুহূর্তে বাফেলোতে বিশ্ব ক্যানল সম্মেলনকে স্বাগত জানাতে পেরে আমরা আনন্দিত। এক সপ্তাহের জন্য, আমাদের সিটি নৌপথ পরিবহন উদযাপন, টেকসই জলপথের উন্নয়নের ভবিষ্যৎ অনুসন্ধান ও ইরি ক্যানেলের 200 বার্ষিকী উদযাপনের জন্য একটি বিশ্বব্যাপী সমাবেশস্থল হিসেবে কাজ করবে। আমাদের উপকূল থেকে সেনেকা চিফের সমুদ্র যাত্রা শুরু হওয়ার পাশাপাশি, বাফেলো তার ইতিহাস ও স্বপ্ন উভয়কেই আন্তর্জাতিক দর্শকদের কাছে প্রদর্শন করতে পেরে গর্বিত।"

ইনল্যান্ড ওয়াটারওয়েজ ইন্টারন্যাশনাল (Inland Waterways International) এর প্রেসিডেন্ট Sharon Leighton (শ্যারন লেইটন) বলেন, "বাফেলো ও আমার জন্মস্থান ইরি ক্যানেলের দুইশততম বার্ষিকী উদযাপনের সময়, সারা বিশ্বের খাল বিশেষজ্ঞদের স্বাগত জানাতে পেরে আমি আনন্দিত। আমরা যখন এই জ্ঞান ও তথ্য বিনিময় নেটওয়ার্ক গড়ে তুলব এবং সহায়তা করব, তখন আমরা ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের নৌ পথের সংরক্ষণ সম্পর্কে বুঝতে এবং উপকৃত হওয়ার জন্য সাহায্য করার উপায়ও তৈরি করব।"

2025 সালের ক্যানেল সম্মেলনের বিষয়ে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে বিশ্ব ক্যানেল সম্মেলনের ওয়েবসাইটটি ভিজিট করুন।

সম্মেলন চলাকালীন সময়, বুধবার, 24 সেপ্টেম্বর, সেনেকা চিফ, 1825 সালে বাফেলো থেকে নিউ ইয়র্ক হারবারে ভ্রমণ শুরু করা নিউ ইয়র্ক স্টেটের গভর্নর DeWitt Clinton (ডেউইট ক্লিনটন) এর আসল ইরি খাল নৌকার একটি অনুকরণ, সেই উদ্বোধনী ভ্রমণ পুনরুজ্জীবিত করার জন্য তার

ভ্রমণ শুরু করবে। অক্টোবর মাসের 26 তারিখে, ইরি ক্যানেলের সম্পূর্ণ হওয়ার আনুষ্ঠানিক বার্ষিকীতে সেনেকা প্রধানের নিউ ইয়র্ক হারবারে পৌঁছানোর পরিকল্পনা রয়েছে। বাফেলো মেরিটাইম সেন্টার (Buffalo Maritime Center) কর্তৃক নির্মিত, এই প্রকল্পটি বিশ্বের বৃহত্তম কমিউনিটি-ভিত্তিক নৌকা নির্মাণ উদ্যোগগুলির মধ্যে একটি হিসেবে ঘোষিত হয়েছে। সেনেকা প্রধান ইরি ক্যানেল ও হাডসন নদীর ওপারের কমিউনিটিগুলিতে যাত্রাবিরতি প্রদান করবেন, প্রতিটি ধাপে উদযাপন অনুষ্ঠানের আয়োজন করবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন